# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট ঃ www.bangladesh-bank.org

এফ,ই সার্কুলার নং ১৫

আশ্বিন ২১, ১৪১২
তারিখ ঃ----------------
অক্টোবর ০৬, ২০০৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

**কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে ভর্তূকী প্রদান প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে জুলাই ০৬, ২০০৫ তারিখের ১০ নং এফ.ই. সার্কুলারে এবং আগষ্ট ১১, ২০০৫ তারিখের এফইপিডি(রপ্তানী-১)২৯১/কৃষিপণ্য/নীতি/২০০৫-৫৪০ সার্কুলার পত্রে জ্ঞাপিত নির্দেশাবলীর পরিবর্তে নিম্নোক্ত অনুচ্ছেদসমূহের নির্দেশনাবলী অনুসরনীয় হইবে ঃ

কৃষিপণ্য ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্যের ৩০-৬-২০০৬ তারিখ পর্যন্ত জাহাজীকৃত রপ্তানির প্রত্যাবাসিত নীট এফওবি মূল্যের উপর ভর্তূকী সরকারী বাজেট বরাদ্দের বিপরীতে রপ্তানি ডকুমেন্ট নেগোসিয়েশনকারী অনুমোদিত ডিলার ব্যাংক শাখা হইতে প্রদেয় হইবে। এই জন্য সরকারী মঞ্জুরী আদেশের বিপরীতে সরকারী হিসাব হইতে বাংলাদেশ ব্যাংক ইমপ্রেষ্ট আগাম আকারে বাণিজ্যিক ব্যাংকসমূহকে প্রয়োজনীয় তহবিল প্রদান করিবে।

০২। <u>ভর্তূকীর প্রাপক পক্ষ ও প্রাপ্যতার মাত্রা</u> ঃ

সম্পূর্ণ দেশীয় কৃষিপণ্য (শাকসব্জি ও ফলমূল) রপ্তানির জন্য নীট প্রত্যাবাসিত এফওবি মূল্যের ৩০% (ত্রিশ শতাংশ) হারে ভর্তূকী প্রাপ্য হইবে। প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির ক্ষেত্রে অন্যূন ৮০% স্থানীয় উপকরন ব্যবহৃত হইলে নীট প্রত্যাবাসিত এফওবি মূল্যের ৩০% হারে এবং অন্যূন ৭০% স্থানীয় উপকরন ব্যবহৃত হইলে নীট প্রত্যাবাসিত এফওবি মূল্যের ২০% হারে ভর্তূকী প্রাপ্য হইবে। ভর্তূকী সুবিধা প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্যের ক্ষেত্রে উৎপাদনকারী-রপ্তানিকারকগণের এবং কৃষিপণ্যের (শাকসব্জি ও ফলমূলের) ক্ষেত্রে রপ্তানিকারকগণের প্রাপ্য হইবে। এ প্রসংগে পান, সুপারী ও মেহগনি ফলের ভিতরের অংশ কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) বর্ণনাভুক্ত এবং সংযোজিত তালিকায় লিপিবদ্ধ পণ্যসমূহ প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য বর্ণনাভুক্ত গণ্য হইবে।

০৩। <u>ভর্তূকীর আবেদনপত্র দাখিলের শর্তাবলী</u> ঃ

(ক) রপ্তানিকৃত পণ্যের হ্যান্ডলিং, মানোন্নয়ন, প্রক্রিয়াজাতকরনে নির্বাহকৃত ব্যয় এবং অভ্যন্তরীন ও আন্তর্জাতিক পরিবহন এবং ফ্রেইট চার্জ পরিশোধ জনিত ব্যয়ের বিপরীতে WTO বিধি অনুযায়ী উক্ত ভর্তূকী প্রদেয় হইবে।

(চলমান পাতা-২)

(খ) রপ্তানিকারকগণ রপ্তানি ডকুমেন্ট নেগোশিয়েশনের পর পরই ডকুমেন্ট নেগোসিয়েশনকারী অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় কৃষিপণ্যের জন্য ফরম-ক তে এবং প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্যের জন্য ফরম-খ তে ভর্তুকীর জন্য আবেদনপত্র দাখিল করিতে পারিবেন, তবে বিদেশে রপ্তানির মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের পরই কেবল ভর্তুকী পরিশোধ্য হইবে । সকল ক্ষেত্রে রপ্তানিমূল্য প্রত্যাবাসনের (অর্থাৎ বিদেশে সংশ্লিষ্ট ব্যাংকের নস্ট্রো হিসাবে রপ্তানিমূল্য আকলনের) তারিখের ১৮০ দিনের মধ্যে ভর্তুকীর আবেদনপত্র দাখিল করিতে হইবে ।

(গ) ঋণপত্রের আওতায় রপ্তানি দলিলের বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয়, কিংবা রপ্তানি চুক্তির বিপরীতে ডকুমেন্টারী কালেকশন এর বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয়ই এই খাতে ভর্তুকীর জন্য যোগ্য রপ্তানি আয় হিসাবে বিবেচিত হইবে । টিটির মাধ্যমে প্রাপ্ত রপ্তানিমূল্যের বিপরীতে ভর্তুকীর আবেদনের ক্ষেত্রে রপ্তানিকারকের আবেদনপত্রের ঘোষণা মোতাবেক বাংলাদেশ হইতে প্রকৃত রপ্তানির বিপরীতে সংশ্লিষ্ট টিটি রেমিট্যান্সটি প্রাপ্ত হইয়া থাকার বিষয়টি টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে অনুমোদিত ডিলার ব্যাংকসমূহ সম্পূর্ণ নিশ্চিত হইয়া ভর্তুকী পরিশোধ করিবে ।

(ঘ) রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন ঃ বিএল কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট, বিল অব এক্সপোর্ট ইত্যাদি দাখিল করিতে হইবে ।

০৪। <u>অনুমোদিত ডিলার কর্তৃক আবেদনপত্র গ্রহণ, পরীক্ষণ ও পরিশোধ নিষ্পত্তি ঃ</u>

(ক) ভর্তুকীর প্রাপক পক্ষের দাখিলকৃত আবেদনপত্রের সংগে সংযুক্ত ফরমের বিভিন্ন অনুচ্ছেদে যে সকল কাগজপত্র, সনদপত্র, প্রত্যয়নপত্রের উল্লেখ আছে ঐগুলি সম্পূর্ণ ও পূর্ণাঙ্গ আকারে আবেদনপত্রের সহিত সংযোজিত থাকিবার বিষয়টি প্রাথমিক পরীক্ষণে নিশ্চিত হইয়া লইতে হইবে । বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস এন্ড এ্যালাইড প্রোডাক্টস এক্সপোর্টার্স এসোসিয়েশন এর সদস্য প্রতিষ্ঠানের শাকসব্জি ও ফলমূল রপ্তানির বিপরীতে ঐ এসোসিয়েশন হইতে এবং বাংলাদেশ এগ্রোপ্রোসেসরস্ এসোসিয়েশন এর সদস্য প্রতিষ্ঠানের প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির বিপরীতে শেষোক্ত এসোসিয়েশন হইতে সংযোজিত ছক (ফরম-ঙ ও ফরম-চ) মোতাবেক সনদপত্র ভর্তুকীর আবেদনের সংগে দাখিল করিতে হইবে । এই দুই এসোসিয়েশনের সদস্য নয় এমন প্রতিষ্ঠানের কৃষিপণ্য বা প্রক্রিয়জাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকী আবেদনপত্রের সংগে রপ্তানী উন্নয়ন ব্যুরো হইতে সংযোজিত ছক (ফরম-ছ) মোতাবেক সনদপত্র দাখিল করিতে হইবে; যাহা জুলাই ০১, ২০০৩ তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে । সনদপত্র/প্রত্যয়নপত্রসমূহের মধ্যে যেগুলি ব্যাংক শাখা কর্তৃক প্রণীত হয় বা ডকুমেন্টস নেগোসিয়েশন উপলক্ষ্যে ব্যাংক শাখা কর্তৃক প্রক্রিয়াকৃত হয় সেগুলির যথার্থতা ও সেগুলিতে উল্লিখিত তথ্যাদির শুদ্ধতার বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক শাখা দায়ী থাকিবে । প্রাথমিক পরীক্ষণে পরিলক্ষিত ত্রুটি/অসম্পূর্ণতাসমূহের বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা আবেদনপত্র প্রাপ্তির তিন কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করিবে ।

(খ) প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী হইতে অতিরিক্ত ব্যাখ্যা/তথ্যাদি প্রাপ্তি এবং রপ্তানি ও রপ্তানিমূল্য প্রত্যাবাসনের বিষয়ে শাখার স্বীয় রেকর্ড হইতে/প্রযোজ্য ক্ষেত্রে অন্য ব্যাংক শাখা হইতে সংগৃহীত তথ্যাদি/সনদপত্র সংযোজনান্তে আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ আকারে প্রাপ্ত হইবার পর অনুমোদিত ডিলার পরিশোধযোগ্য অংক নিরূপন করিবে । সংশ্লিষ্ট আবেদনপত্র ফরম এর অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক ব্যবহারের জন্য নির্ধারিত অংশের নির্দেশনাসমূহ পর্যায়ক্রমিকভাবে অনুসরণ করিয়া এই প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে ।

(আগামী পাতা-৩)

(গ) সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের হিসাব বিকলন করিয়া শাখা আবেদনপত্রের বিপরীতে ভর্তুকী পরিশোধ করিবে । প্রতিমাসে শাখার সম্পাদিত সকল পরিশোধের বিষয়ে বিবরণী ফরম-গ তে প্রদত্ত ছক অনুসারে পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ে দুই প্রস্থে প্রেরিত হইবে; ব্যাংকের প্রধান কার্যালয় সকল শাখার মাসিক পরিশোধ বিবরণীসমূহের একীভূত তথ্য বিবরণীর একটি করিয়া কপি ফরওয়ার্ডিং পত্রসহ পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংক পরিদর্শন বিভাগ-১ (বেসরকারী ব্যাংকের ক্ষেত্রে) ও রাষ্ট্রায়ত্ত বানিজ্যিক ব্যাংকের ক্ষেত্রে ব্যাংক পরিদর্শন বিভাগ-২ বরাবর নিয়মিতভাবে প্রেরণ করিবে ।

(ঘ) প্রতিক্ষেত্রে ভর্তুকী পরিশোধ অনুমোদনের সংগে সংগে সংশ্লিষ্ট রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্রের (পিআরসি) উপরে সহজে দৃষ্টি গোচর হয় এমন স্থানে ভর্তুকী পরিশোধিত মর্মে সীল এবং পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর সন্নিবেশ করিতে হইবে, যাহাতে ঐ পিআরসি'র অন্যবিধ অপব্যবহারের সুযোগ না থাকে । একই রপ্তানির বিপরীতে একাধিকবার পিআরসি ইস্যুকৃত না হইবার বিষয়ে অনুমোদিত ডিলারগণকে (এফই সার্কুলার নং-০৬/৯৮ এর নির্দেশনা মোতাবেক) বিশেষ সতর্কতা অবলম্বন করিতে হইবে । এই জন্য শাখায় রক্ষিত রপ্তানি রেজিষ্টারে সংশ্লিষ্ট রপ্তানির অন্যান্য তথ্যের সহিত প্রতি ক্ষেত্রে পিআরসি ইস্যুর তথ্য তারিখসহ সুবিধাজনকভাবে লিপিবদ্ধ রাখিতে হইবে।

(ঙ) ভর্তুকী পরিশোধের পূর্বে ভর্তুকী দাবীর যথার্থতার বিষয়ে প্রতিটি দাবী বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিযুক্ত অডিট ফার্ম দ্বারা নিরীক্ষা করাইয়া লইতে হইবে ।

(চ) ভর্তুকী পরিশোধ নিষ্পত্তির সকল কেস সংশ্লিষ্ট কাগজপত্রসহ বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলের/সরকারী বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের নিরীক্ষা দলের পরীক্ষণের জন্য পরিশোধ তারিখ হইতে অন্যূন তিন বৎসর মেয়াদ পর্যন্ত শাখায় সংরক্ষণ করিতে হইবে ।

(ছ) রপ্তানিমূল্য, রপ্তানি পণ্যে ব্যবহৃত উপকরণাদির মূল্য ও পরিমাণের বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে বা তথ্য সংগ্রহের প্রয়োজন হইলে সংশ্লিষ্ট ব্যাংক ও অডিট ফার্ম নিম্নোক্ত প্রতিষ্ঠান/সংগঠনসমূহের পরামর্শ গ্রহণ করিবে ঃ

(১) রপ্তানী উন্নয়ন ব্যুরো, ১, কাওরান বাজার, ঢাকা (রপ্তানিমূল্য ও রপ্তানির পরিমান সম্পর্কিত তথ্য);

(২) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা (বিসিক), ১৩৭-১৩৮,মতিঝিল বা/এ, ঢাকা (কাঁচামালের মূল্য ও উৎপাদনকারী ইউনিটের উৎপাদন ক্ষমতা সম্পর্কিত তথ্য);

(৩) ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (উৎপাদনকারী ইউনিটের উৎপাদন ক্ষমতা ও প্রতি ইউনিটের উৎপাদন ব্যয় সম্পর্কিত তথ্য)।

০৫। <u>ভর্তুকী অনিয়মিতভাবে পরিশোধের শাস্তিমূলক ব্যবস্থাদি ঃ</u>

(ক) ভর্তুকী অনিয়মিতভাবে পরিশোধ করা হইলে অনিয়মিতভাবে পরিশোধকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের সহিত রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলন করিয়া আদায় লওয়া হইবে ।

(খ) অনিয়মের সংগে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হইবে ।

(চলমান পাতা-৪)

০৬। ভর্তুকী পরিশোধের জন্য বাংলাদেশ ব্যাংক হইতে <u>ইমপ্রেষ্ট তহবিল সংগ্রহ ও পুনঃযোগান প্রাপ্তির প্রক্রিয়া ঃ</u>

অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক গৃহীত এবং বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের একাউন্টস ও বাজেটিং বিভাগে রিপোর্টকৃত ভর্তুকীর দাবীর পরিমানের বিপরীতে সরকার কর্তৃক প্রথম কিস্তিতে ছাড়কৃত অর্থের পরিমানের উপর ভিত্তি করিয়া বাংলাদেশ ব্যাংক দাবীর আনুপাতিক হারে প্রথম বার ইমপ্রেষ্ট তহবিল ব্যাংকসমূহের প্রধান কার্যালয়ের অনুকূলে প্রদান করিবে। পরবর্তীতে, বিভিন্ন ব্যাংকের মাধ্যমে ভর্তুকী পরিশোধ নিষ্পত্তির গড় মাসিক অংকের ভিত্তিতে দুই মাসের অনুমিত প্রয়োজনের পরিমান তহবিল বাংলাদেশ সরকারের পক্ষ হইতে অর্থ ছাড়করণ সাপেক্ষে বাংলাদেশ ব্যাংক ইমপ্রেষ্ট আগাম আকারে ব্যাংকসমূহের প্রধান কার্যালয়ের অনুকূলে প্রাথমিকভাবে হস্তান্তর করিবে। ইমপ্রেষ্ট তহবিল ব্যবহারের বিষয়ে ব্যাংকসমূহ ফরম-ঘ তে প্রদত্ত ছকে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের একাউন্টস ও বাজেটিং বিভাগের মহাব্যবস্থাপকের বরাবরে মাসিক বিবরণী পরবর্তী মাসের দুই সপ্তাহের মধ্যে দাখিল করিবে। এই বিবরণী অনুসারে ইমপ্রেষ্ট আগামের মাসান্তের সমাপনী স্থিতি যদি পরবর্তী মাসের জন্য অনুমিত প্রয়োজনীয় অংকে অপেক্ষা কম হয় (পূর্ববর্তী তিন মাসের গড় মাসিক পরিশোধের অংককে পরবর্তী মাসের জন্য সম্ভাব্য প্রয়োজন বলিয়া বিবেচিত হইবে) তবে ইমপ্রেষ্ট আগাম প্রয়োজনীয় মাত্রায় উন্নীত করিবার জন্য পুনঃযোগানের অনুরোধ সম্বলিত আবেদনও মাসিক বিবরণীর সংগে একাউন্টস এন্ড বাজেটিং বিভাগে দাখিল করিতে হইবে। ইমপ্রেষ্ট আগামের ব্যাংকওয়ারী স্থিতি পর্যালোচনায় ব্যবহারের গতির প্রেক্ষিতে একাউন্টস ও বাজেটিং বিভাগ সংশ্লিষ্ট ব্যাংককে প্রদত্ত ইমপ্রেষ্ট আগাম হইতে একমাসের সম্ভাব্য চাহিদার অতিরিক্ত অংক ফেরত চাহিতে পারে।

০৭। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার খালিদুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৩৭৫

ফরম-'ক'

(অনুচ্ছেদ ০৩(খ), এফই সার্কুলার নং- ১৫/২০০৫ দ্রষ্টব্য)

কৃষিপণ্য (শাকসব্জি/ ফলমূল) রপ্তানির বিপরীতে ভর্তুকীর জন্য আবেদনপত্র।

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা ...............................................................

...............................................................

রপ্তানি নিবন্ধন সনদপত্র নম্বর ...............................................................

(খ) রপ্তানি ঋণপত্র / চুক্তিপত্রের নম্বর, তারিখ ও মূল্য ...............................................................

...............................................................

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

(গ) টিটির নম্বর, তারিখ ও মূল্য ...............................................................

(বিদেশ হইতে টিটির মাধ্যমে রপ্তানিমূল্য প্রত্যাবাসিত হইলে টিটির মাধ্যমে প্রাপ্তি সংশ্লিষ্ট রপ্তানির বিপরীতে হইবার বিষয়টি টিটির ভাষ্য হইতে ব্যাংক কর্তৃক নিশ্চিত হইয়া লইতে হইবে।)

(ঘ) রপ্তানিকৃত পণ্যের সংগ্রহসূত্র :

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পণ্যের নাম ও পরিমান | মূল্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |

(রপ্তানি পণ্যের বর্ণনা, পরিমান, মূল্য এবং সংগ্রহসূত্রের বিষয়ে রপ্তানী উন্নয়ন ব্যুরো / সংশ্লিষ্ট এসোসিয়েশন প্রদত্ত সনদপত্র দাখিল করিতে হইবে।)

(ঙ) রপ্তানি চালানের বিবরণ :

| পণ্যের বর্ণনা | পরিমান | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানি মূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

(রপ্তানি ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি এবং মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) দাখিল করিতে হইবে। রপ্তানিকৃত পণ্যের মূল্য ও পরিমানের সঠিকতার বিষয় সম্পর্কে রপ্তানি উন্নয়ন ব্যুরো / সংশ্লিষ্ট এসোসিয়েশন প্রদত্ত সনদপত্র দাখিল করিতে হইবে।)

(চ) ভর্তুকীর আবেদনকৃত অংক :

(বৈদেশিক মুদ্রায়)

| প্রত্যাবসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমান | বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইনসুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানি মূল্য ১-(২+৩) | প্রাপ্য ভর্তুকী ৪ × ৩০/১০০ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।)

(ছ) ঘোষনা করা যাইতেছে যে, সম্পূর্ণ দেশীয় কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) রপ্তানির বিপরীতে ভর্তুকীর আবেদন করা হইল এই আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি/ঘোষণা সম্পূর্ণ সঠিক। পরবর্তীতে ইহাতে কোন ভুল/অসত্য/প্রতারণা/জালিয়াতি প্রমানিত হইলে গৃহীত ভর্তুকীর সমুদয় অর্থ বা উহার অংশবিশেষ আমার/আমাদের নিকট হইতে আমার/আমাদের ব্যাংক হিসাব হইতে আদায় করিয়া লওয়া যাইবে।

তারিখ : ..............................

..............................

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবী।

(জ) ভর্তুকী প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় :

| প্রত্যাবসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) | বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইনসুরেন্স ও প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়া বাবত মোট বিয়োজন | নীট এফওবি রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) ১-২ | পরিশোধ্য ভর্তুকীর পরিমান (টাকায়) : ৩ × ৩০/১০০ × রপ্তানিমূল্য প্রত্যাবাসন তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

পরিশোধিত ভর্তুকীর পরিমান (টাকায়) : ...............................................................

পরিশোধের তারিখ : ..............................

..............................

ভর্তুকী অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক

কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী।

(অনুচ্ছেদ ০৩(খ), এফই সার্কুলার নং- ১৫/২০০৫ দ্রষ্টব্য)

## প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকীর জন্য আবেদনপত্র ।

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা ..........................................................................

..........................................................................

রপ্তানি নিবন্ধন সনদপত্র নম্বর ..........................................................................

(খ) রপ্তানি ঋণপত্র / চুক্তিপত্রের নম্বর, তারিখ ও মূল্য ..........................................................................

..........................................................................

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

(গ) টিটির নম্বর, তারিখ ও মূল্য ..........................................................................

(বিদেশ হইতে টিটির মাধ্যমে রপ্তানিমূল্য প্রত্যাবাসিত হইলে টিটির মাধ্যমে প্রাপ্তি সংশ্লিষ্ট রপ্তানির বিপরীতে হইবার বিষয়টি টিটির ভাষ্য হইতে ব্যাংক কর্তৃক নিশ্চিত হইয়া লইতে হইবে)

(ঘ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির সংগ্রহসূত্র ঃ

(১) দেশীয় উপকরণাদিঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পণ্যের নাম ও পরিমান | মূল্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |

(রপ্তানি পণ্যের নাম, পরিমান, মূল্য এবং সংগ্রহসূত্রের বিষয়ে রপ্তানী উন্নয়ন ব্যুরো / সংশ্লিষ্ট এসোসিয়েশন প্রদত্ত সনদপত্র দাখিল করিতে হইবে।)

(২) আমদানিকৃত / বিদেশে উৎপাদিত উপকরণাদিঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পণ্যের নাম ও পরিমান | বিদেশ হইতে আমদানীর ক্ষেত্রে ঋণপত্রের নম্বর, তারিখ | মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(৩ নং কলামে উল্লিখিত ঋণপত্রগুলির পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করিতে হইবে । এই রপ্তানিতে ব্যবহৃত উপকরণাদির জন্য শুল্ক বন্ড সুবিধা গ্রহণ করা হয় নাই এবং ডিউটি ড্র-ব্যাক অথবা ভর্তুকী সুবিধার আবেদনও করা হয় নাই ও হইবে না মর্মে রপ্তানিকারকের ঘোষনাপত্র দাখিল করিতে হইবে ।)

(ঙ) রপ্তানি চালানের বিবরণ ঃ

| পণ্যের বর্ণনা | পরিমান | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানি মূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

(রপ্তানি ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল এর সত্যায়িত পাঠযোগ্য কপি এবং মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) দাখিল করিতে হইবে । রপ্তানিকৃত পণ্যের মূল্য ও পরিমানের সঠিকতার বিষয় এবং স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদন সম্পর্কে রপ্তানি উন্নয়ন ব্যুরো / সংশ্লিষ্ট এসোসিয়েশন প্রদত্ত সনদপত্র দাখিল করিতে হইবে ।)

(চ) ভর্তুকীর আবেদনকৃত অংক ঃ

(বৈদেশিক মুদ্রায়)

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমান | বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইন্স্যুরেন্স, ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানি মূল্য ১-(২+৩) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

(বৈদেশিক মুদ্রায়)

| রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত স্থানীয় উপকরণাদির মূল্য ঘ(১) অনুচ্ছেদের ৩নং কলাম মোতাবেক | রপ্তানি আয়ের মধ্যে দেশীয় উপকরণাদি ব্যবহারের শতকরা হার * (৫ ÷ ৪) × ১০০ | প্রাপ্য ভর্তুকী ৪ × (২০% বা ৩০%) |
|---|---|---|
| ৫ | ৬ | ৭ |

* অন্যূন ৮০% দেশীয় উপকরণ ব্যবহৃত হইলে ৩০% এবং অন্যূন ৭০% দেশীয় উপকরণ ব্যবহৃত হইলে ২০% ভর্তুকী প্রাপ্য হইবে।

অন্যূন শতকরা ৮০/৭০ ভাগ স্থানীয় উপকরণ ব্যবহার করিয়া উৎপাদিত প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকীর আবেদন করা হইল । এই আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি/ঘোষণা সম্পূর্ণ সঠিক । পরবর্তীতে ইহাতে কোন ভুল/অসত্য/প্রতারণা/জালিয়াতি প্রমানিত হইলে গৃহীত ভর্তুকীর সমুদয় অর্থ বা উহার অংশবিশেষ আমার/আমাদের নিকট হইতে আমার/আমাদের ব্যাংক হিসাব হইতে আদায় করিয়া লওয়া যাইবে ।

তারিখ ঃ ..............................

..............................................

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী ।

(ভর্তুকী পরিশোধকারী ব্যাংক শাখা কর্তৃক ব্যবহার্য অংশ)

(ছ) ভর্তুকীর পরিশোধ্য পরিমান হিসাবায়ন ঃ

(বৈদেশিক মুদ্রায়)

| রপ্তানি পণ্যের *বর্ণনা | মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমান | বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইনস্যুরেন্স, ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানিমূল্য ২-(৩+৪) | রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত স্থানীয় উপকরনাদির মূল্য ঘ(১) অনুচ্ছেদের ৩নং কলাম মোতাবেক | রপ্তানি আয়ের মধ্যে দেশীয় উপকরনাদি ব্যবহারের শতকরা হার * (৫ ÷ ৪) × ১০০ | পরিশোধযোগ্য ভর্তুকীর পরিমান (টাকায়)ঃ ৫ এর ২০%. বা ৩০% × রপ্তানিমূল্য প্রত্যাবাসন তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় হার |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

* অন্যূন ৮০% স্থানীয় উপকরন ব্যবহৃত হইলে ৩০% এবং অন্যূন [illegible]০% স্থানীয় উপকরন ব্যবহৃত হইলে ২০% ভর্তুকী প্রাপ্য হইবে।

পরিশোধিত ভর্তুকীর পরিমান (টাকায়) ঃ ..............................................

পরিশোধের তারিখ ঃ ..............................................

..............................................
ভর্তুকী অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী।

(অনুচ্ছেদ ০৪(গ) এফই সার্কুলার নং- ১৫/২০০৫ দ্রষ্টব্য)

ফরম-গ

এফ ই সার্কুলার নং ১৫/২০০৫ মোতাবেক কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে ভর্তুকী পরিশোধের ------- /২০.. মাসের বিবরণী

অনুমোদিত ডিলার ব্যাংক শাখার নাম ঃ.........................................

| ভর্তুকীর আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | সংশ্লিষ্ট রপ্তানির তথ্যাদি | | | | | পরিশোধিত ভর্তুকীর পরিমান (টাকায়) | পরিশোধের তরিখ | পূর্ববর্তী কোনও অতিরিক্ত পরিশোধ (যদি থাকে) উহার আদায়ের পরিমান (টাকায়) | শাখায় প্রাপ্ত অনিষ্পন্ন আবেদনের | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | রপ্তানিকৃত পণ্যের বর্ণনা | জাহাজীকরণের তরিখ ও গন্তব্য | ইএক্সপি নম্বর | মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) | প্রত্যাবাসিত নীট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রায়) | | | | সংখ্যা | দাবীকৃত টাকা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

দাপ্তরিক সীল মোহর।

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম, ও পদবী

(অনুচ্ছেদ ০৬ এফ, ই সার্কুলার নং- ১৫/২০০৫ দ্রষ্টব্য)

ফরম-ঘ

এফ,ই সার্কুলার নং ১৫/২০০৫ মোতাবেক কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে ভর্তুকী বাবদ ইমপ্রেষ্ট হিসাবের .... সনের ......... মাসের বিবরণী।

........................................................................ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

| ইমপ্রেষ্ট হিসাবের প্রারম্ভিক স্থিতি (টাকায়) | প্রতিবেদনাধীন মাসে বাংলাদেশ ব্যাংক হইতে পুনর্ভরণ প্রাপ্তি | | শাখাসমূহ কর্তৃক পূর্ববর্তী পরিশোধ সমূহের বিপরীতে এক্সপোর্ট ক্লেইম বা অন্যবিধ কারণে পরবর্তী সমন্বয় বাবত ফেরত আদায়ের অংক (যদি থাকে) (টাকায়) | প্রতিবেদনাধীন মাসে অনুমোদিত ডিলার শাখাসমূহ কর্তৃক পরিশোধ | | মাসান্তের সমাপনী স্থিতি (টাকায়) [(১+৩+৪)-৬] | শাখাসমূহে প্রাপ্ত আবেদনের | | পরবর্তী মাসের পরিশোধের জন্য ইমপ্রেষ্ট হিসাবের প্রয়োজনীয় পুনর্ভরণের পরিমান (টাকায়)(৯-৭)* |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | তারিখ | পরিমান (টাকায়) | | আবেদনের সংখ্যা | মোট পরিশোধ (টাকায়) | | সংখ্যা | দাবীকৃত অংক (টাকায়) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

(* ৭নং কলামে উল্লিখিত সমাপনী স্থিতি ৯নং কলামে উল্লিখিত পরিমান হইতে কম হওয়ার ক্ষেত্রে ১০ নং কলামে উল্লিখিত অংকের পুনর্ভরণ চাহিয়া বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্টে পত্র দিতে হইবে)।

দাপ্তরিক সীল মোহর।

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম ও পদবী

সার্কুলার নং ১৫/২০০৫ এর ০৪(ক) অনুচ্ছেদ দ্রষ্টব্য

ফরম-ঙ

## বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস্ এন্ড এ্যালাইড প্রোডাক্টস এক্সপোর্টারস এসোসিয়েশনের প্রদেয় সনদপত্র (এসোসিয়েশনের সদস্যবৃন্দের জন্য প্রযোজ্য)

কৃষিপণ্য (শাকসবজি/ফলমূল) রপ্তানি খাতে ভর্তুকীর আবেদনের সংগে প্রদেয় সনদপত্র।

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ঃ
ঠিকানা ঃ

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র এর নম্বর ঃ তারিখ ঃ মূল্যমান ঃ

৩। বিদেশী ক্রেতার নাম ঃ
ঠিকানা ঃ

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ঃ
ঠিকানা ঃ

৫। ক) ইনভয়েস নম্বর ঃ তারিখ ঃ
খ) ইনভয়েসে উল্লেখিত পণ্যের পরিমান ঃ মূল্য ঃ

৬। রপ্তানি পণ্যের পরিমাণ, মূল্য এবং সংগ্রহসূত্রঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | সরবরাহকৃত পণ্যের বর্ণনা | পরিমান | মূল্য |
|---|---|---|---|

৭। ক) রপ্তানি পণ্যের বর্ণনা ঃ
খ) পরিমাণ ঃ মূল্য ঃ

৮। জাহাজীকরণের তারিখ ঃ গন্তব্য বন্দর ঃ

৯। ইএক্সপি নম্বর ঃ তারিখ ঃ মূল্য ঃ

১০। মোট প্রত্যাবসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ

১১। প্রত্যাবসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর ঃ তারিখ ঃ

১২। নীট এফওবি মূল্য ঃ

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরোক্ত রপ্তানির কৃষিপণ্য স্থানীয়ভাবে আমাদের নিজস্ব উৎপাদিত / স্থানী সরবরাহকারীদের দ্বারা স্থানীয়ভাবে উৎপাদিত। বিদেশী ক্রেতা / আমদানিকারকের যথার্থতা / বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত ক হইল।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারি

উপরোল্লিখিত অনুচ্ছেদগুলি যথাযথভাবে যাচাইপূর্বক সঠিক পাওয়া গিয়াছে। এই সনদপত্রে উল্লিখিত কৃষিপ (শাকসবজি/ফলমূল) রপ্তানির প্রত্যাবসিত মূল্যের বিপরীতে উপরোক্ত রপ্তানিকারককে ভর্তুকী প্রদানের জন্য সুপারিশ করা হইল

এসোসিয়েশনের দুইজন কর্মকর্তার স্বাক্ষর ও

কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হইলে এই প্রত্যয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

সার্কুলার নং ১৫/২০০৫ এর ০৪(ক) অনুচ্ছেদ দ্রষ্টব্য ফরম-চ

# বাংলাদেশ এগ্রোপ্রোসেসরস এসোসিয়েশন প্রদেয় সনদপত্র
## (এসোসিয়েশনের সদস্যবৃন্দের জন্য প্রযোজ্য)

প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে ভর্তুকীর আবেদনের সংগে প্রদেয় সনদপত্র ।

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ঃ
ঠিকানা ঃ

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র এর নম্বর ঃ তারিখ ঃ মূল্যমান ঃ

৩। বিদেশী ক্রেতার নাম ঃ
ঠিকানা ঃ

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ঃ
ঠিকানা ঃ

৫। ক) ইনভয়েস নম্বর ঃ তারিখ ঃ
খ) ইনভয়েসে উল্লেখিত পণ্যের পরিমান ঃ মূল্য ঃ

৬। ক) রপ্তানি পণ্যে ব্যবহৃত স্থানীয় উপকরনাদির বর্ণনাঃ পরিমান ঃ মূল্য ঃ
খ) সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা)ঃ

৭। ক) রপ্তানি পণ্যের বর্ণনা ঃ
খ) পরিমান ঃ মূল্য ঃ

৮। জাহাজীকরনের তারিখ ঃ গন্তব্য বন্দর ঃ

৯। ইএক্সপি নম্বর ঃ তরিখ ঃ মূল্য ঃ

১০। মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ

১১। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর ঃ তারিখ ঃ

১২। নীট এফওবি মূল্য ঃ

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরোক্ত রপ্তানির বিষয়ে ঘোষিত তথ্যাদি সঠিক ও নির্ভুল । ৬ নং ক্রমিকে উল্লিখিত উপকরণাদি উল্লিখিত সরবরাহকারীদের খামারে / আমাদের নিজস্ব খামারে স্থানীয়ভাবে উৎপাদিত । বিদেশী ক্রেতা / আমদানিকারকের যথার্থতা / বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হইল ।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

উপরেল্লিখিত অনুচ্ছেদগুলি যথাযথভাবে যাচাইপূর্বক সঠিক পাওয়া গিয়াছে । প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির প্রত্যাবাসিত মূল্যের বিপরীতে উপরোক্ত রপ্তানিকারককে ভর্তুকী প্রদানের জন্য সুপারিশ করা হইল ।

এসোসিয়েশনের দুইজন কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হইলে এই প্রত্যয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ।

সার্কুলার নং ১৫/২০০৫ এর ০৪(ক) অনুচ্ছেদ দ্রষ্টব্য ফরম-ছ

## রপ্তানী উন্নয়ন ব্যুরোর প্রদেয় সনদপত্র

বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস্ এন্ড এ্যালাইড প্রোডাক্টস এক্সপোর্টারস এসোসিয়েশন ও বাংলাদেশ এগ্রোপ্রোসেসরস এসোসিয়েশন এর সদস্য নয় এমন রপ্তানিকারকের ক্ষেত্রে প্রযোজ্য

কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) রপ্তানি খাতে ভর্তুকীর আবেদনের সংগে প্রদেয় সনদপত্র।

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ঃ
ঠিকানা ঃ

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র এর নম্বর ঃ তারিখ ঃ মূল্যমান ঃ

৩। বিদেশী ক্রেতার নাম ঃ
ঠিকানা ঃ

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ঃ
ঠিকানা ঃ

৫। ক) ইনভয়েস নম্বর ঃ তারিখ ঃ
খ) ইনভয়েসে উল্লেখিত পণ্যের পরিমান ঃ মূল্য ঃ

৬(১) কৃষিপণ্য রপ্তানির জন্য প্রযোজ্যঃ
রপ্তানি পণ্যের পরিমাণ, মূল্য এবং সংগ্রহসূত্রঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | সরবরাহকৃত পণ্যের বর্ণনা | পরিমান | মূল্য |
|---|---|---|---|

৬(২) প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির জন্য প্রযোজ্যঃ
ক) রপ্তানি পণ্যে ব্যবহৃত স্থানীয় উপকরনাদির বর্ণনাঃ পরিমান ঃ মূল্য ঃ
খ) সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা)ঃ

৭। ক) রপ্তানি পণ্যের বর্ণনা ঃ
খ) পরিমান ঃ মূল্য ঃ

৮। জাহাজী করনের তারিখ ঃ গন্তব্য বন্দর ঃ

৯। ইএক্সপি নম্বর ঃ তরিখ ঃ মূল্য ঃ

১০। মোট প্রত্যাবসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ

১১। প্রত্যাবসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর ঃ তারিখ ঃ

১২। নীট এফওবি মূল্য ঃ

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

কৃষিপণ্য রপ্তানির জন্যঃ

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরোক্ত রপ্তানির কৃষিপণ্য স্থানীয়ভাবে আমাদের নিজস্ব উৎপাদিত / স্থানীয় সরবরাহকারীদের দ্বারা স্থানীয়ভাবে উৎপাদিত। বিদেশী ক্রেতা / আমদানিকারকের যথার্থতা / বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হইল।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির জন্যঃ

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরোক্ত রপ্তানির বিষয়ে ঘোষিত তথ্যাদি সঠিক ও নির্ভুল । ৬ নং ক্রমিকে উল্লিখিত উপকরণাদি উল্লিখিত সরবরাহকারীদের খামারে / আমাদের নিজস্ব খামারে স্থানীয়ভাবে উৎপাদিত। বিদেশী ক্রেতা / আমদানিকারকের যথার্থতা / বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হইল।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

উপরোল্লিখিত অনুচ্ছেদগুলি যথাযথভাবে যাচাইপূর্বক সঠিক পাওয়া গিয়াছে। কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির বিপরীতে প্রত্যাবসিত মূল্যের অনুকূলে উপরোক্ত রপ্তানিকারককে ভর্তুকী প্রদানের জন্য সুপারিশ করা হইল।

রপ্তানী উন্নয়ন ব্যুরোর দুইজন কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হইলে এই প্রত্যয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

( এফ.ই সার্কুলার নং ১৫, অনুচ্ছেদ ০২ দ্রষ্টব্য )

## এগ্রোপ্রোসেসিং পণ্যের তালিকা ।

| | |
|---|---|
| ১. ফ্রুট জুস | ৩১. সিঙ্গারা |
| ২. ফ্রুট ড্রিংকস | ৩২. প্যা[illegible] |
| ৩. বিস্কুট | ৩৩ ডা[illegible] সমোচা |
| ৪. চানাচুর | ৩৪. ভেজিটেবল সমোচা |
| ৫. Prepared Nuts | ৩৫. ছিটা পিঠা |
| ৬. Fried Peanuts | ৩৬. হিমায়িত কচুর লতি |
| ৭. পটেটো ক্র্যাকাস | ৩৭. হিমায়িত কচুর মুখী |
| ৮. পটেটো ফ্লেক্স | ৩৮. হিমায়িত ডাঁটা |
| ৯. পটেটো চিপস | ৩৯. হিমায়িত করলা |
| ১০. Aromatic and fine rice | ৪০. হিমায়িত সীমের বিচি |
| ১১. Flattened and Puffed rice | ৪১. হিমায়িত কাঁঠালের বিচি |
| ১২. কনফেকশনারী পণ্য | ৪২. হিমায়িত সাতকোড়া |
| ১৩. সকল ধরণের মশলা | ৪৩. হিমায়িত ঢেঁড়স |
| ১৪. ফ্রুট জ্যাম | ৪৪. হিমায়িত জলপাই |
| ১৫. Fruit Jelly and marmalade | ৪৫. হিমায়িত সীম |
| ১৬. ফল, সব্জি ও মশলার তৈরী আচার | ৪৬. হিমায়িত পটল |
| ১৭. ফল, সব্জি ও মশলার তৈরী চাটনি | ৪৭. হিমায়িত ঝিংগা |
| ১৮. সকল ধরণের সস | ৪৮. হিমায়িত কাকরোল |
| ১৯. সেমাই | ৪৯. হিমায়িত নারকেলী কচু |
| ২০. গোলাপ জল | ৫০. হিমায়িত বরবটি |
| ২১. টমেটো সস/কেচাপ | ৫১. হিমায়িত মূলা |
| ২২. টমেটো পেষ্ট | ৫২. ক্যান্ডি |
| ২৩. নুডলস | ৫৩. বাবল গাম |
| ২৪. Extruded snacks | ৫৪. ললিপপ |
| ২৫. ম্যাঙ্গো ও ফ্রুটবার | ৫৫. খেজুরের রসের সিরাপ |
| ২৬. কাসুন্দি | ৫৬. খেজুরের রসের ভিনেগার |
| ২৭. বিভিন্ন প্রকারের পরোটা | ৫৭. মধু |
| ২৮. আলুপুরী | ৫৮. হিমায়িত মাশরুম |
| ২৯. ডালপুরী | ৫৯. পাঁপড় |
| ৩০. ভেজিটেবল স্প্রিং রোল | ৬০. জর্দা । |